দৈনিক
ইত্তেফাক

তারিখ 24 JAN 2016
পৃষ্ঠা ১৭ কলাম ৪

# চরফ্যাশনে সরকারি স্কুলে ভর্তি ও বই বিতরণে অনিয়ম!

■ চরফ্যাশন (ভোলা) সংবাদদাতা

চরফ্যাশন উপজেলার নীলকমল ইউনিয়নের ২২নং মুন্সির হাট সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক হুমায়ুন কবিরের বিরুদ্ধে নতুন শিক্ষার্থীদের ভর্তিকালে ৫০-২শ টাকা, বই বিতরণকালে শিক্ষার্থী প্রতি ৩০ টাকা করে নেয়ার অভিযোগ উঠেছে। প্রধান শিক্ষক ট্রেনিং এ থাকায় ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক এ অনিয়ম করায় শিক্ষার্থী এবং অভিভাবকদের মধ্যে ক্ষোভের সৃষ্টি হয়েছে।

শিক্ষার্থীরা জানায়, বই বিতরণকালে তাদের কাছ থেকে ৩০ টাকা এবং ভর্তির সময় ৫০-১শ টাকা করে নেয়া হয়েছে।

ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক হুমায়ুন কবির জানান, বই বিতরণে টাকা নেয়া হয়নি। কমিটির সিদ্ধান্তে খেলার চাঁদা হিসেবে ৩০ টাকা এবং নতুন শিক্ষার্থীদের কাছ থেকে ৫০ টাকা করে ভর্তি ফি নেয়া হয়েছে।

ম্যানেজিং কমিটির সভাপতি জাহাঙ্গীর মুন্সি জানান, খেলার চাঁদা হিসেবে ৩০ টাকা করে নেয়ার সিদ্ধান্ত হয়েছে। তবে ভর্তিতে টাকা নেয়ার সিদ্ধান্ত হয়নি।

ক্লাস্টারের দায়িত্বপ্রাপ্ত সহকারী উপজেলা শিক্ষা অফিসার মো. মোসলে উদ্দিন জানান, সরকারি স্কুলে শিক্ষার্থীদের কাছ থেকে কোন টাকা নেয়ার নিয়ম নেই। নিয়ে থাকলে তদন্ত সাপেক্ষে আইনগত ব্যবস্থা নেয়া হবে।